

কিউএস বেস্ট স্টুডেন্ট সিটিস: তালিকায় ভারতের ৪, বাংলাদেশের একটি, নেই পাকিস্তান

নিজস্ব প্রতিবেদক ঢাকা



ফাইল ছবি

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণাপ্রতিষ্ঠান কোয়াককোয়ারেলি সায়মন্ডস (কিউএস) বিশ্বসেরা বিশ্ববিদ্যালয়সহ শিক্ষাসংক্রান্ত নানা তালিকা প্রকাশ করে প্রতিবছর। এ বছর বিশ্বসেরা বিশ্ববিদ্যালয়ের পর 'কিউএস বেস্ট স্টুডেন্ট সিটিস ২০২৫' শীর্ষক একটি তালিকা প্রকাশ করেছে। এতে বিশ্ববিদ্যালয়পড়ুয়াদের উচ্চশিক্ষার জন্য বিশ্বের সেরা শহর কোনগুলো, সেটির তালিকা প্রকাশ করা হয়েছে। ইউরোপ ও এশিয়ার শহরগুলো আছে তালিকায়। গতকাল মঙ্গলবার 'কিউএস বেস্ট স্টুডেন্ট সিটিস-২০২৫' র‍্যাঙ্কিংয়ের তালিকা প্রকাশ করা হয়।

বিশ্ববিদ্যালয়শিক্ষার্থীদের উচ্চশিক্ষার জন্য বিশ্বের সেরা শহরের তালিকায় এবার এশিয়ার ৪৯টি শহরের নাম এসেছে। এশিয়ায় পড়াশোনার জন্য সবার শীর্ষে জাপানের শহর টোকিও। **তালিকায় ভারতের চারটি** এবং বাংলাদেশের একটি শহর আছে। তবে দক্ষিণ এশিয়ার অন্যতম দেশ পাকিস্তানের কোনো শহর এ তালিকায় জায়গা পায়নি। ছয়টি মানদণ্ডের ভিত্তিতে 'কিউএস বেস্ট স্টুডেন্ট সিটিস' র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়। এগুলো হলো ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং, স্টুডেন্ট মিক্স, ডিজায়ারেবিলিটি, এমপ্লয়ার অ্যাকাটিভিটি, অ্যাফোর্ডেবিলিটি ও স্টুডেন্ট ভয়েস।

১০০ স্কোরের মধ্য ৫৫ দশমিক ৩ পেয়ে ভারতের মধ্যে নয়াদিল্লি আছে ১ নম্বরে। ভারতের বাকি তিনটি শহর হলো মুম্বাই (৫৪.৮), বেঙ্গালুরু (৫০.৪) ও চেন্নাই (৪৭.৮)।

(৯৪.৫), জার্মানির বার্লিন (৯৪.৪) ও কানাডার মন্ট্রিয়াল (৯২.১)।

6/26/24, 12:50 PM

কিউএস বেস্ট স্টুডেন্ট সিটিস: তালিকায় ভারতের ৪, বাংলাদেশের একটি, নেই পাকিস্তান

২০১৯ সাল থেকে শিক্ষাবিষয়ক যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠানটি 'কিউএস বেস্ট স্টুডেন্ট সিটিস' র‍্যাঙ্কিং প্রকাশ করে আসছে।

তবে করোনার কারণে ২০২০ ও ২০২১ সালের র‍্যাঙ্কিং প্রকাশ করেনি কিউএস।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো